

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্লট নম্বর-এফ ২০/বি পশ্চিম আগারগাঁও
শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.copyrightoffice.gov.bd

স্মারক নং-০১. CRF-২০২৩৪৩৬১-১৯৬৯৩

তারিখ: ১২/০২/২০২৫ খ্রি:


পূর্বসূত্র: ১. স্মারক নং- CRF-২০২৩৪৩৬১-১৯৬৯৩/৩৮/১-৩, তারিখ: ১৩/০১/২০২৫।

২. বেঙ্গল মাল্টিমিডিয়া কর্তৃক ২০/১০/২৪ তারিখের পত্র।

বিষয়: কপিরাইট রেজিস্ট্রেশন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবেদনকারী জনাব হুমায়ুন কবির “লাঠি পাগল(১-৬পর্ব)” নামক চলচ্চিত্র কর্ম (নাটক) রেজিস্ট্রেশনের জন্য আবেদন করেছিলেন। এর ধারাবাহিকতায় গত ২৭ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে সকাল ১২.০০ ঘটিকায় বাংলাদেশ কপিরাইট অফিসে উভয় পক্ষের (হস্তান্তরদাতা ও হস্তান্তরগ্রহীতা) মধ্যে একটি শুনানি অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য করা হলেও আবেদনকারী শুনানীর সময়সীমা অতিরিক্ত ২ সপ্তাহ বৃদ্ধির জন্য ২২/০১/২০২৫ খ্রি. তারিখে কপিরাইট রেজিস্ট্রার বরাবর আবেদন দাখিল করেছেন। এমতাবস্থায়, বিষয়টি স্পষ্টীকরণের জন্য উভয় পক্ষের (হস্তান্তরদাতা ও হস্তান্তরগ্রহীতা) উপস্থিতিতে শুনানি গ্রহণ করা প্রয়োজন।

বর্ণিত অবস্থায় নিজে অথবা ব্যক্তিগত প্রতিনিধির উপস্থিতিতে আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ কপিরাইট অফিসে একটি শুনানি অনুষ্ঠিত হবে। প্রত্যেক পক্ষকে এন আইডি এর মূলকপি ও হস্তান্তর দলিলের মূলকপিসহ স্ব স্ব বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় সাক্ষ্য প্রমাণ, তথ্য এবং প্রয়োজনে লিখিত বক্তব্যসহ স্বয়ং কিংবা আইনানুগ প্রতিনিধির মাধ্যমে শুনানিতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। অন্যথায় কপিরাইট আইন ২০২৩ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গৃহীত হবে।


১২/০২/২০২৫
(আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক)
কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার (যুগ্মসচিব)
ফোন: ০২ ২২২২১৮৬৪০ (অফিস)
info@copyrightoffice.gov.bd

বিতরণ:

১ জনাব হুমায়ুন কবির, ব্যবস্থাপনা পরিচালক, বেঙ্গল মাল্টিমিডিয়া লি: ৯৫/এ তেজগাঁও শি/এ ঢাকা-১২০৮।

২. জনাব মোহাম্মদ আলী বশির (স্বত্বাধিকারী: গ্লো এ্যাডভারটাইজিং), বাসা-১৯, এফ-৫, রাস্তা-৫৫, গুলশান, ঢাকা-১২১২।

৩. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কপিরাইট অফিস (ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত)

৪. ব্যক্তিগত সহকারী-ডেপুটি রেজিস্ট্রারের কার্যালয়।

৫. অফিস কপি।